R. N. No. 2532/57 | Phone No. 66-228, STD 03483 | Regd. No.—WB/MSD- 4

আলমারী, চেয়ার এবং
যাবতীয় ষ্টীল সরঞ্জাম বিক্রেতা
বি কে
ষ্টীল ফার্ণিচার
অনুমোদিত বিক্রেতা ঃ ষ্টিলকো
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
Jangipur Sambad, Raghunathganj. Murshidabad (W. B)
প্রতিষ্ঠাতা—স্বর্গত **শরৎচন্দ্র পণ্ডিত** ( দাদাঠাকুর )
প্রথম প্রকাশ ঃ ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ
ক্রেডিট সোসাইটি লিঃ
রেজি নং—১২ / ১৯৯৬-৯৭
( মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল
কো-অপারেটিভ ব্যাংক
অনুমোদিত )
ফোন ঃ ৬৬৫৬০
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ

৮৫শ বর্ষ
২৯শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ২২শে অগ্রহায়ণ, বুধবার, ১৪০৫ সাল।
৯ই ডিসেম্বর, ১৯৯৮ সাল।

নগদ মূল্য : ১ টাকা
বার্ষিক ৪০ টাকা

## পোলিও খাওয়ার পর শিশুর মৃত্যু নিয়ে গ্রামে অশান্তি

নিজস্ব সংবাদদাতা ঃ রঘুনাথগঞ্জ ১ ব্লকের কুলোরী গ্রামের মিহির মাঝির দু' বছরের শিশু হৃদয় গত ৬ ডিসেম্বর পোলিও খাওয়ার পর মারা যায়। শিশু মৃত্যুকে ঘিরে গ্রামে উত্তেজনা শুরু হয়। খবরে প্রকাশ, এ বছরের প্রথম দিনে জঙ্গিপুর হাসপাতালের একটি টিম প্রসাদপুর প্রাঃ স্কুলে পোলিও খাওয়ান শুরু করেন। পার্শ্ববর্তী কুলোরী গ্রামের মিহির মাঝি তাঁর দুটি ছেলেকে যথারীতি পোলিও খাওয়ান। কিন্তু আড়াই ঘণ্টার মধ্যে দু' বছরের ছোট ছেলে হৃদয়ের কাশী শুরু হয় এবং কিছুটা শ্লেষ্মা ওঠার পর সে মারা যায়। অনুসন্ধানে জানা যায় শিশুটি ব্রঙ্ক নিমোনিয়া ও রক্তহীনতায় ভুগছিল। জঙ্গিপুর হাসপাতালের ডাক্তার মনোরঞ্জন চৌধুরীর চিকিৎসায় ছিল। এই প্রসঙ্গে আরো জানা যায় অতিরিক্ত ডায়েরিয়া, হাম, রক্তহীনতায় পোলিও খাওয়ান নিষেধ আছে। শিশু মৃত্যুর খবর পেয়ে বহরমপুর থেকে ভারপ্রাপ্ত জেলা স্বাস্থ্য আধিকারিক ঘটনাস্থলে এসে পৌঁছান। পুলিশও হাজির হয়। তার আগেই গ্রামের কিছু শুভবুদ্ধিসম্পন্ন মানুষ এগিয়ে এলে উত্তেজনা কমে যায়। তবে অন্য বছরের মতো লক্ষ্যমাত্রা ৩০০ থাকলেও এই ঘটনার পর আশপাশ এলাকার অনেকে বাচ্চা নিয়ে ঘুরে যান। ঐ কেন্দ্রে ২৫৬ জনকে পোলিও খাওয়ান হয় বলে খবর।

## রঘুনাথগঞ্জে ছেলে পাচার চক্র সক্রিয়

নিজস্ব সংবাদদাতা : সম্প্রতি রঘুনাথগঞ্জে ছেলে পাচার চক্রের সন্ধান পাওয়া গেছে। দিল্লী কিংবা বাইরে কোথাও চাকরি দেবার লোভ দেখিয়ে কিশোর যুবকদের নিয়ে গিয়ে বাইরে পাচার করার চেষ্টা চলছে। স্থানীয় মাষ্টারপাড়ার আরতি সরকার এবং মিয়াপুরের স্বাধীন সরকার অভিযোগ করেছেন তাঁদের ছেলে যথাক্রমে বিমলেন্দু সরকার ( ১৭ ) ও নন্দলাল সরকার ( ১৯ ) কে তাদের বন্ধু ষষ্ঠীতলার ভ্যানচালক লোহারাম দাসের ছেলে ধর্ম দাস ( ২৫ ) দিল্লীতে জ্যাকেট কোম্পানীতে কাজ পাইয়ে দেবে বলে গত ১০ নভেম্বর দিল্লী নিয়ে যায়। দিল্লীতে লছমীনগরে এই দু'জনকে যথাক্রমে ছাপাখানা এবং কাগজের বাক্সের কারখানায় কাজ দেওয়া হলেও কয়েকদিনের মধ্যেই তারা বুঝতে পারে তারা কিডনি (শেষ পৃষ্ঠায়)

## *ছিনতাইকারীদের ধরতে গিয়ে পুলিশ জখম*

সাগরদীঘি : গত ১৫ নভেম্বর রঘুনাথগঞ্জ—মনিগ্রাম রুটের চাঁদপাড়ায় একটি ট্রেকার থামিয়ে দুর্বৃত্তরা যাত্রীদের মালপত্র ছিনতাই করে। কয়েকজন যাত্রী চাঁদপাড়া নতুন বসতির সাজু সেখ ও রফিক সেখ ছিনতাই দলে ছিল বলে সাগরদীঘি থানায় অভিযোগ করলে ওসি তৎপরতার সঙ্গে চাঁদপাড়া থেকে ঐ দু'জনকে গ্রেপ্তার করেন। ধৃতরা এই ছিনতাই-এর সঙ্গে যুক্ত মনিগ্রাম গ্রাম পঞ্চায়েতের ফুলবাড়ীর ছ' জন যুবকের নাম বলে দেয়। পুলিশ ফুলবাড়ী ধাওয়া করে অভিযুক্ত কয়েকজনকে গ্রেপ্তার করে নিয়ে আসার সময় ঐ গ্রামের একদল লোক পুলিশের উপর হামলা করে ধৃতদের ছাড়িয়ে নিয়ে চলে যায়। পুলিশ বাধা দিতে গেলে জখম হয়। পরে জঙ্গিপুরের এসডিপিও সাগরদীঘির পুলিশ নিয়ে ফুলবাড়ী গ্রামে চিরুণী তল্লাসী চালিয়ে কয়েকজনকে গ্রেপ্তার করে নিয়ে আসেন। গ্রামের বেশীরভাগ বাড়ীর পুরুষ গ্রাম ছেড়ে পালিয়ে যায়।

## লজের ভিত্তিপ্রস্তর স্থাপন

ধুলিয়ান : গত ১ ডিসেম্বর স্থানীয় মিউনিসিপ্যাল লজের ভিত্তিপ্রস্তর স্থাপন আনুষ্ঠানিকভাবে হয়ে গেল। অনুষ্ঠানে পৌরোহিত্য করেন কংগ্রেসের বর্ষীয়ান নেতা ডাঃ কালীকুমার গুপ্ত। ভিত্তিপ্রস্তর স্থাপন করার কথা ছিল জেলা সভাধিপতি সচ্চিদানন্দ কাণ্ডারীর এবং অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন জেলা শাসক হরিপ্রসাদ দ্বিবেদী। কিন্তু দু'জনেই অনুপস্থিত থাকায় বিশেষ অতিথি ফারাক্কা কেন্দ্রের বিধায়ক মাইনুল হক ভিত্তি-প্রস্তর স্থাপন করেন। সিপিএমের নেতা জোয়াব আলি তাঁর বক্তব্যে নফর আলির এই উদ্যোগের প্রশংসা করেন। তিনি পৌর এলাকা ডাকবাংলা পর্যন্ত বৃদ্ধি করার কথা বলেন। গঙ্গা ভাঙ্গন প্রতিরোধ সম্পর্কে বক্তারা সরকারের দৃষ্টি আকর্ষণ করেন। লজ নির্মাণে ৩০ লক্ষ টাকা ব্যয় হবে (শেষ পৃষ্ঠায়)

## নয়নসুখ স্কুল নির্বাচনে কংগ্রেস বিজেপি জোট বিজয়ী

ফরাক্কা : গত ২৯ নভেম্বর নয়নসুখ এল এন এস এম হাই স্কুলে পরিচালন সমিতির নির্বাচনে কংগ্রেস-বিজেপি জোটের চার প্রার্থী সিপিআই (এম)-এর চার প্রার্থীকে পরাজিত করেছেন। নির্বাচনে সিপিএমের চার প্রার্থী ছাড়া কংগ্রেস ও বিজেপি মিলে মোট চার প্রার্থী এবং এক নির্দল প্রার্থীকে নিয়ে মোট ৯জন প্রতিদ্বন্দ্বিতা করেন। চার সিপিএম প্রার্থী প্রত্যেকেই ৮০ থেকে ১১২ ভোটের ব্যবধানে পরাজিত হয়েছেন বলে জানা যায়। তবে ধান কাটার মরসুমে ২৭০০ অভিভাবকের মধ্যে মাত্র ১১১০ জন ভোট দিতে আসেন বলে খবর।

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পারম্পার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২২শে অগ্রহায়ণ বুধবার, ১৪০৫ সাল।

## ॥ 'মর্ম্মে দহিতে' ॥

এই রাজ্য হইতে প্রতিবেশী রাষ্ট্রে বিভিন্ন জিনিস বে-আইনীভাবে পাচার বহুদিন হইতে চলিয়া আসিতেছে। সীমান্ত এলাকায় প্রহরার ব্যবস্থাদি যথারীতি আছে। তবে তৃতীঃ বিপুর তাড়না বেশির ভাগ সময় অনেককে উন্মার্গগামী করিয়া দেয়। তাই 'টু পাইস' পাইয়া প্রহরীরা অনেকেই দেখিয়াও দেখেন না; অভিযোগ শুনিয়াও শুনিতে পান না। চাল, ডাল, চিনি, কেরোসিন, গো-মহিষাদি প্রভৃতি নির্বাধভাবে অপর রাষ্ট্রে নদী পার হইয়া পাঠান হইতেছে।

চলিত কথায় 'গোদের ওপর বিষফোঁড়া' বলিয়া একটি বচন আছে। কেন্দ্রীয় সরকার 'ট্রানজিট পারমিট'-এর যে ব্যবস্থা করিয়াছেন, তাহা উক্ত বিষফোঁড়ার সামিল হইয়াছে। এই পারমিটের বলে এক রাজ্যের জিনিস অন্য রাজ্যে যাইতে পারে। কিন্তু অন্য রাষ্ট্রে নহে। তবে অন্য রাষ্ট্রে যাইতেছে।

খবরে প্রকাশ যে, এই ট্রানজিট পারমিটের সুযোগ এক শ্রেণীর ব্যবসায়ী পুরা মাত্রায় লইয়া চাল, ডাল প্রভৃতির বেআইনী পাচারের কারবার শুরু করিয়া দিয়াছেন। এখন এই রাজ্য হইতে যেভাবে চাল পাচার হইতেছে, তাহাতে অচিরেই চালের দাম লাগাম ছাড়া হইবে। এখনই অতি সাধারণ মানের নূতন চাল কেজি প্রতি ১০ টাকার কমে মিলে না। সুতরাং কয়েক মাসের মধ্যে পরিস্থিতি কী দাঁড়াইবে, তাহা অনুমান করা কঠিন নহে। অন্যান্য জিনিসের ক্ষেত্রে একই কথা। ঘুষ দিয়া মাল পাচার সীমান্ত এলাকায় রমরমা আকারে চলিয়াছে এবং ইহার সুবাদে 'ভুঁইফোড়' ধনীর সংখ্যা মাত্রাতিরিক্ত বাড়িয়া যাইতেছে। তাহাদের ক্রয়ক্ষমতা বেশি বলিয়া জিনিসপত্রের চড়া দর। সাধারণ মানুষের ভোগান্তির একশেষ হইতেছে।

জানা গিয়াছে যে, সম্প্রতি মহাকরণে রাজ্যের অর্থমন্ত্রী, খাদ্যমন্ত্রী, পুলিশ কমিশনার এবং রাজ্য পুলিশের পদস্থ অফিসারদের একটি বৈঠক হইয়াছে। এই বৈঠকে কিছু সিদ্ধান্ত লওয়া নিশ্চয়ই হইয়াছে। আর সেই সিদ্ধান্তে হয়ত 'ট্রানজিট পারমিট' আইন সংশোধনের জন্য কেন্দ্রীয় সরকারকে উদ্যোগ লইবার অনুরোধ সংক্রান্ত হইতে পারে। কেন্দ্রীয় সরকার এই রাজ্যের সাধারণ মানুষের অবস্থা বিবেচনা করিয়া যদি কিছু করেন, তবেই মঙ্গল। এই রাজ্যের বড় বড় চাল ব্যবসায়ী, চালকলের মালিকরা 'ট্রানজিট পারমিট'-এর কল্যাণে যেমন ভিন রাজ্যে, তেমনই ভিন দেশে চাল পাঠাইতেছেন। ইহার ফলে অচিরেই চালের দর বহুগুণ বাড়িয়া যাইবে।

আলু, পেঁয়াজ, সরিষার তেলের জ্বালায়, আনাজ-পাতির দরের ধাক্কায় মানুষ 'স্যাণ্ডউইচ্‌ট্‌' হইতেছে; চাল নাকাল করিয়া ছাড়িবে। ইহার জন্য কিছু হইবে কি? না, 'হবে তা সহিতে মর্মে দহিতে....'?

## চিঠি-পত্র

(মতামত পত্রলেখকের নিজস্ব)

### প্রাইভেট চেম্বারে রোগীদের দুর্দশা

আমি গত সপ্তাহে অরঙ্গাবাদ থেকে একজন রোগীকে দেখানোর জন্য রঘুনাথগঞ্জে ডাঃ যজ্ঞেশ্বর মুখার্জীর কাছে নিয়ে আসি। চেম্বারে রোগীদের নাম লেখার জন্য ডাক্তারবাবুর নিযুক্ত একজন আছেন। কিন্তু তাঁর বিরুদ্ধে অভিযোগ—তিনি নামের তালিকা মতো পর পর রোগীদের নাম না ডেকে নিজের ইচ্ছে মতো তালিকাবিহীন বাইরের রোগীদের ডাক্তার দেখানোর ব্যবস্থা করেন। এ ব্যাপারে প্রতিবাদ করলে উক্ত কর্মী আমার মতো রোগীদের আত্মীয়-স্বজনের সঙ্গে অভদ্র ব্যবহার করেন। না পোষালে এখানে আসবেন না জানিয়ে দেন। তাঁর ব্যবহারের কথা ডাক্তারবাবু এবং তাঁর স্ত্রীকে জানিয়েও কোন প্রতিকার হয়নি। উক্ত কর্মীর বিরুদ্ধে বড় অভিযোগ—রক্ত পরীক্ষা, এক্সরে বা ওষুধ কেনার জন্য তিনি নির্দিষ্ট জায়গা বাতলে দেন। তাঁর পছন্দ ছাড়া অন্য কোন জায়গায় গেলে পরবর্তীতে রোগী দেখানো যাবে না পরিষ্কার জানিয়ে দেন। তাঁর এই আস্ফালনের পেছনে ডাক্তারবাবুর গোপন মদত আছে মনে করলে কি অন্যায় হবে?

মানিক সরকার
অরঙ্গাবাদ

### ১০ টাকার নন জুডিসিয়াল ষ্ট্যাম্পে ১ টাকা বেশী কেন?

নিজস্ব সংবাদদাতাঃ জঙ্গীপুর রেজিষ্ট্রী অফিস ও জঙ্গীপুর কোর্ট ষ্ট্যাম্প ভেণ্ডার কাউন্টারে ১০ টাকার নন জুডিসিয়াল ষ্ট্যাম্প কিনতে গেলে ক্রেতাকে ১১ টাকা দিতে হয় ক্রেতা সাধারণ এই বাড়তি ১ টাকার কথা জানতে চাইলে তাঁরা নীরব থাকেন। এ নিয়মটি বিগত ৩—৪ মাস থেকে চলছে, কিন্তু কেন?

## জীবনবীমার ক্রেতা সম্মেলন

রঘুনাথগঞ্জঃ গত ১৭ নভেম্বর স্থানীয় জীবনবীমা নিগমের অফিসে এক ক্রেতা সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলন পরিচালনা করেন শাখা প্রবন্ধক জে, সি, রায়, এ্যাডমিনিষ্ট্রেটিভ অফিসার এস, কে, সিনহা ও এ্যাসিসট্যান্ট এ্যাডমিনিষ্ট্রেটিভ অফিসার পি, কে, বিশ্বাস। ক্রেতাদের উপস্থিতি ছিল বড়ই কম। বক্তাদের মধ্যে বীমা কোম্পানীর বিরুদ্ধে জোরদার অভিযোগ আনেন এন টি পি সির ইঞ্জিনীয়ার এস এন সিং। তাঁর বক্তব্য—ঠিকানা পরিবর্তনের চিঠি দিলেও ফরাক্কা এলাকার অধিকাংশ পলিসি হোল্ডারদের পুরোনো ঠিকানাতেই জীবনবীমা চিঠিপত্র পাঠায়। বিভিন্ন অসুবিধার কথা মাথায় রেখেই নিগম শাখাতে শীঘ্রই কম্প্যুটার চালুর ব্যবস্থা করছে বলে জানা যায়।

### রঘুনাথগঞ্জে টেলিফোন গ্রাহক ফোরামের ডেপুটেশন

নিজস্ব সংবাদদাতাঃ প্রায়ই টেলিফোন বিকল থাকা, টেলিটিজিং, মুর্শিদাবাদে গ্রুপ ডায়ালিং ব্যবস্থা চালু, দ্রুত নতুন টেলি যোগাযোগের ব্যবস্থা, টেলিফোন বিলের বিস্তারিত বিবরণ ব্যবস্থাসহ বিভিন্ন দাবী নিয়ে রঘুনাথগঞ্জ থানা টেলিফোন গ্রাহক সমিতি গত ৯ নভেম্বর মহকুমা টেলিফোন আধিকারিকের কাছে এক ডেপুটেশন দেন। সংস্থার সম্পাদক বালক মুখার্জী জানান, মহকুমা আধিকারিক জেলা টেলিফোন আধিকারিকের সঙ্গে আলোচনা করে তাঁদের জানিয়েছেন, কিছু যান্ত্রিক অসুবিধার কারণে তাঁরা বর্তমানে সব দাবী রূপায়ণ করতে না পারলেও আগামী কয়েক মাসের মধ্যে তা করার চেষ্টা করছেন।

### দ্রব্যমূল্য বৃদ্ধি এবং চোরাচালানের প্রতিবাদে বি জে পির সভা

ধুলিয়ানঃ পেঁয়াজ, নুন, তেলসহ অত্যাবশ্যকীয় পণ্যের চোরাচালান এবং এ বিষয়ে রাজ্য সরকারের নিষ্ক্রিয়তার সমালোচনা করে বি জে পির পক্ষ থেকে গত ১৮ নভেম্বর স্থানীয় সি জে প্যাটেল মোড়ে এক জনসভা হয় বক্তারা ধুলিয়ান দিয়ে বাংলাদেশে চোরাচালান রুখতে সরকারের ব্যর্থতা এবং দুর্নীতিগ্রস্থ এনফোর্সমেন্ট কর্মীদের সমালোচনা করে দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য রাজ্য সরকারকে দায়ী করেন। বক্তারা গঙ্গা ভাঙ্গন রোধে রাজ্য সরকারের নিষ্ক্রিয়তার সমালোচনা করে অভিযোগ করেন যে ধুলিয়ানের মায়া টকিজ এবং কৈন কলোনীর অবস্থা বিপন্ন। সভায় ষষ্ঠীচরণ ঘোষ, সত্যদেব গুপ্ত ভাষণ দেন।

## ফুলতলায় ধান গাড়ীর যানজট কমেছে

নিজস্ব সংবাদদাতা : গত প্রায় দু' সপ্তাহ রঘুনাথগঞ্জ গাড়ীঘাট থেকে খড়খড়ি রাম সেন সেতু পর্যন্ত ধান বোঝাই লরি ও গরুগাড়ীর চাপে ঐ এলাকার চলাচল স্তব্ধ করে দেয়। খবর, গঙ্গা পারের মোমিনটোলা, ভৈরবটোলা, মিঠিপুর, সেকন্দরা, তেঘরী ইত্যাদি গ্রামের ধান বোঝাই গাড়ীগুলো এবার জঙ্গিপুর ব্যারেজ ইন্সপেকশন সংযোগ রাস্তা বন্যায় ভেঙ্গে যাবার ফলে ঐ রাস্তায় চলাচলের সুযোগ পায়নি। তাই এই রেকর্ড পরিমাণ গাড়ীর চাপ। যানজটে ফুলতলায় না ঢুকে যাত্রীবাহী বাসগুলো এত দিন হাসপাতাল মোড় থেকে ঘুরে যাচ্ছিল। অন্য দিকে ফুলতলা ট্রাফিক পুলিশও যানজটের দিকে যেমন তেমন লক্ষ্য রেখে গাড়ী পিছু দশ টাকা আদায়ে ব্যস্ত ছিল। এই সুযোগে জঙ্গিপুর পুর ঘাটের ইজারাদারও পুরসভা নির্দ্ধারিত পারাপারের মূল্যকে উপেক্ষা করে লরি পিছু ১৬০ টাকা আদায় করে।

### আফিডেবিট

আমি চন্দ্রা দাস ওরফে চন্দ্রাবতী দাস, স্বামী ৺অনিলকুমার দাস, গ্রাম ও পোঃ অজগরপাড়া, থানা সুতী, জেলা মুর্শিদাবাদ। আমি চন্দ্রা দাস ওরফে চন্দ্রাবতী দাস একই মহিলা প্রমাণে গত ২০-১১-৯৮ মুর্শিদাবাদ ডিষ্ট্রিক্ট নোটারী আদালতে আফিডেবিট করলাম।

### বিনা প্রতিদ্বন্দ্বিতায় সম্পাদক

সাগরদীঘি : বালিয়া উচ্চ বিদ্যালয়ে স্কুল কমিটি নির্বাচনে সকল সদস্যের প্রস্তাব ও সমর্থনে বিজনকুমার সরকার সম্পাদক নির্বাচিত হয়েছেন। অনেকের মতে এটা একটা নজির সৃষ্টি করল।


ভারতীয় ষ্টেট ব্যাঙ্ক

শাখা অফিসের জন্য গৃহ

মুর্শিদাবাদ জেলায় অবস্থিত ষ্টেট ব্যাঙ্কের অরঙ্গাবাদ শাখা ( ব্লক সুতি ২ ) স্থানান্তরের জন্য ৪৫০০ (চার হাজার পাঁচশ) বর্গফুট স্থান সম্বলিত পাকা গৃহ আবশ্যক। উল্লিখিত শাখার রেভিনিউ মৌজার অন্তর্গত বড় রাস্তার উপর ও ব্যবসা কেন্দ্রের মধ্যস্থলে অবস্থিত পাকা গৃহ অথবা খালি জমির মালিকগণের নিকট হইতে প্রস্তাব আহ্বান করা হইতেছে। ব্যাঙ্কের প্ল্যান অনুসারে তৈয়ারী গৃহ পরিবর্তন / পরিবর্ধন করিতে হইবে অথবা খালি জমিতে গৃহ নির্মাণ করিতে হইবে। দ্বিতল বাঞ্ছনীয় এবং একতলায় ষ্ট্রংরুম নির্মাণের সুযোগ থাকিতে হইবে। ইচ্ছুক মালিকগণ প্ল্যান/সাইট প্ল্যান ও তৎসংক্রান্ত বিবরণ এবং সম্পূর্ণ শর্তাবলীসহ ১৫ দিনের মধ্যে দরখাস্ত নিম্নলিখিত ঠিকানায় জমা দিবেন। কোনও এজেন্সী কমিশন দেওয়া হইবে না।

সহায়ক সাধারণ ব্যবস্থাপক

অঞ্চল-২

ভারতীয় ষ্টেট ব্যাঙ্ক, জোনাল অফিস, বিধাননগর
সি, আই, টি স্কীম-৭ এম
ভি, আই, পি রোড, কলিকাতা-৭০০০৫৪


## কেন্দ্রীয় সরকারের ভ্রান্ত নীতির বিরুদ্ধে ডি ওয়াই এফ আই-এর আন্দোলন

রঘুনাথগঞ্জ : গত একমাস ব্যাপী ডি ওয়াই এফ আই-এর জঙ্গিপুর পৌর লোকাল কমিটি বিজেপি সরকারের ভ্রান্ত নীতির বিরুদ্ধে আন্দোলন শেষ করল। গত ২৭ অক্টোবর থেকে ২৪ নভেম্বর পর্যন্ত বিভিন্ন সভার মাধ্যমে তাঁদের আন্দোলন চলে। ভ্রান্ত নীতি ছাড়াও বিজেপির সাম্প্রদায়িকতা, ফরাক্কা তাপবিদ্যুতে উৎপাদন বন্ধ, রাষ্ট্রায়ত্ত শিল্প কারখানা বেসরকারীকরণ, নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য বৃদ্ধি ইত্যাদি ইস্যুগুলিও ছিল। ঐ সব সমাবেশে বক্তব্য রাখেন সিটু নেতা তুষার দে, মৃগাঙ্ক ভট্টাচার্য্য, মধু বাগ, মোজাফ্ফার হোসেন, শত্রুঘ্ন সরকার প্রমুখ নেতারা।

### অনুপ ঢাকা গেলেন

রঘুনাথগঞ্জ, ৩০ নভেম্বর : জেলার ও জঙ্গিপুর সংবাদ গোষ্ঠীর জনপ্রিয় সাহিত্যিক অনুপ ঘোষাল তথ্যকেন্দ্র-র আহ্বানে এবং কলকাতাস্থ বাংলাদেশ ডেপুটি হাইকমিশনের সহযোগিতায় গত ২৮ নভেম্বর বাংলাদেশ এয়ারলাইনস্-এর বিমানে ঢাকা যাত্রা করেছেন। ওপার বাংলায় বিভিন্ন অনুষ্ঠানে যোগ দেয়া ছাড়াও অনুপ সেখানকার শীর্ষস্থানীয় সাহিত্যিকদের সঙ্গে আলোচনায় বসবেন ঠিক আছে। তথ্যকেন্দ্র-র বিশেষ বাংলাদেশ সংখ্যাতে এই দুই সপ্তাহ ব্যাপী সফর নিয়ে লেখা তাঁর ভ্রমণ কাহিনী আগামী ফেব্রুয়ারী মাসে কলকাতা বইমেলায় প্রকাশিত হবে।


জায়গা বিক্রয়

রঘুনাথগঞ্জ F. C. I. গোডাউনের পার্শ্বে বাসপোযোগী একটি প্লট ৩০' × ৩৩' ফুট বিক্রয় আছে। সত্বর যোগাযোগ করুন।

উল ভাণ্ডার, ফুলতলা, রঘুনাথগঞ্জ

ফোন : দোকান— ৬৬৩৯৯ বাড়ী— ৬৬৭৯৯



দশদিনব্যাপী

হাজারদুয়ারী উৎসব-১৯৯৮-৯৯

২৪-১২-৯৮ থেকে ২-১-৯৯

স্থান — হাজারদুয়ারী ইমামবারা প্রাঙ্গণ

ষ্টল, বিজ্ঞাপন, স্পনসরশিপের জন্য মুর্শিদাবাদ জেলা পরিষদ অফিসে যোগাযোগ করুন।

দূরভাষ : 03482/50845
52839
53376

।। আকর্ষণীয় উপস্থাপনা ।।

★ মুর্শিদাবাদ ইতিহাসের জীবন্ত স্মৃতি নিদর্শন
★ হস্ত ও কারুশিল্প
★ বিভিন্ন সরকারী বিভাগের প্রদর্শনী
★ সাংস্কৃতিক মঞ্চ ও আলোচনা চক্র
★ সুরম্য বিপণন কেন্দ্র
★ পুস্তক প্রাঙ্গণ
★ শিশু অঙ্গন
★ খাদ্য বিপণি

✪ আরো অনেক আকর্ষণ ✪

প্রত্যহ সন্ধ্যের সময় নামী শিল্পীদের

সাংস্কৃতিক অনুষ্ঠান

আপনার উপস্থিতিতে উৎসব হয়ে উঠুক সম্পূর্ণ ও সফল।

## জেলা পরিবহণ কর্মচারী কংগ্রেসের জাতীয় সড়ক অবরোধ

নিজস্ব সংবাদদাতা : মুর্শিদাবাদ জেলা পরিবহণ কর্মচারী কংগ্রেসের ডাকে গত ২৬ নভেম্বর সকাল ১০টা থেকে ১১-৩০ পর্যন্ত উমরপুর ৩৪ নং জাতীয় সড়ক অবরোধ করা হয়। নেতৃত্ব দেন আই এন টি ইউ সি নেতা কালু সেখ। দ্রব্যমূল্য বৃদ্ধি, পুলিশী অপদার্থতা, সিপিএমের অত্যাচার ইত্যাদির প্রতিবাদে এই অবরোধ বলে জানান দলের সক্রিয় কর্মী বিমল রায়। যানজটে চলাচল বেসামাল হয়ে গেলে পুলিশ লাঠি চার্জ করে অবরোধ ছত্রভঙ্গ করে।

**লজের ভিত্তিপ্রস্তর স্থাপন** ( ১ম পৃষ্ঠার পর )

বলে চেয়ারম্যান সফর আলি জানান। তিনি বলেন এই অর্থ রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যৌথ উদ্যোগে ব্যয় হবে। ধুলিয়ানবাসীর এটা দীর্ঘদিনের দাবী। এখানে কোন গেষ্ট হাউস নাই। বাইরে থেকে কেউ এলে থাকার ব্যবস্থা ছিল না। লজ হলে ধুলিয়ানের একটা বড় সমস্যার সুরাহা হবে।

**ছেলে পাচার চক্র সক্রিয়** ( ১ম পৃষ্ঠার পর )

পাচার চক্রের খপ্পরে পড়েছে। কিছু স্থানীয় মানুষের সাহায্যে তারা সেখান থেকে পালিয়ে ২৯ নভেম্বর রঘুনাথগঞ্জে কোনক্রমে ফিরে আসে। এ বিষয়ে গত ১২ নভেম্বর রঘুনাথগঞ্জ থানায় ডায়েরী করা হলে এবং ধর্ম দাস কয়েকদিন পরে রঘুনাথগঞ্জে ফিরে এলে তাকে জিজ্ঞাসাবাদ করা হলে সে এ বিষয়ে সব কথা অস্বীকার করে। ঘরে ফেরা দুই তরুণের ধারণা গোডাউন কলোনীর পরেশ হালদারের ছেলে বর্তমানে লছমীনগরের বাসিন্দা সুশান্ত হালদার এবং ধর্ম দাসের এই চক্রের সঙ্গে যোগাযোগ আছে।


আপনাদের সেবায় দীর্ঘ পনের বছর যাবৎ নিয়োজিত

**✚ অন্নপূর্ণা হোমিও ক্লিনিক ✚**

রঘুনাথগঞ্জ ★ ফুলতলা ★ মুর্শিদাবাদ

( সবজী বাজারের বিপরীত দিকে )

প্রোঃ প্রখ্যাত হোমিও চিকিৎসক—ডাঃ সাহা

ডি. এম. এস ( কলি ), পি. ই. টি (ডাবলু, টি), এফ. ডাবলু. টি ( আই. আর. সি. এস )

এখানে বিদেশী ঔষধ ও অত্যাধুনিক যন্ত্রপাতি দ্বারা সুচিকিৎসার ব্যবস্থা আছে। পেটের আলসার, কিডনির পাথর, বন্ধ্যা, কানের পুঁজ, পোলিও এবং প্যারালিসিস রোগের চিকিৎসা গ্যারান্টি সহকারে করা হয়।

হ্যাপকো এবং জার্মানীর হোমিও ঔষধ, সার্জিক্যাল, ডেন্টাল ও সর্বপ্রকার ডাক্তারী ইনষ্ট্রুমেন্ট ও পার্টস, মেডিক্যাল পুস্তক, ডাক্তারী লেদার ব্যাগ, টিঞ্চার ও কেমিক্যাল গ্রুপের ঔষধ, ফার্ষ্ট এড বক্স-এর সকলপ্রকার ঔষধ পাওয়া যায়।

বিঃ দ্রঃ—হারনিয়াল বেল্ট, এল, এস, বেল্ট, সারভাইক্যাল কলার 'কানের ভল্যুম কনট্রোল মেসিন ইত্যাদিও পাওয়া যায়।



CENTURY'S VISHWAKARMA

আপনার স্বপ্নের বাড়ি তৈরী করতে ব্যবহার করুন ...

**Century Cement**

THE COMPLETE CEMENT

সেঞ্চুরী সিমেন্ট একটি সম্পূর্ণ সিমেন্ট

Lookad





আর কোথাও না গিয়ে আমাদের এখানে অফুরন্ত সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা ষ্টিচ করার জন্য তসর থান, কোরিয়াল, জামদানী জোড়, পাঞ্জাবীর কাপড়, মুর্শিদাবাদ পিওর সিল্কের প্রিন্টেড শাড়ীর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য পরীক্ষা প্রার্থনীয়।

**বাঘিড়া ননী এণ্ড সন্স**

মির্জাপুর ॥ গনকর

ফোন নং : গনকর ৬২০২৯



সকলকে অভিনন্দন জানাই—

**রঘুনাথগঞ্জ ব্লক নং-১**

**রেশম শিল্পী সমবায় সমিতি লিঃ**

( হ্যাণ্ডলুম ডেভেলপমেন্ট সেন্টার )

রেজিঃ নং—২০ ✱ তারিখ—২১-২-৮০

গ্রাম মির্জাপুর ॥ পোঃ গনকর ॥ জেলা মুর্শিদাবাদ

ফোন নং—৬২০২৭



ঐতিহ্যমণ্ডিত সিল্ক, গরদ, কোরিয়াল জামদানী জাকার্ড, সার্টিং থান ও কাঁথাষ্টিচ শাড়ী, প্রিণ্ট শাড়ী সুলভ মূল্যে পাওয়া যায়।

বিশেষ সরকারী ছাড় ১০%

✪ সততাই আমাদের মূলধন ✪

| জয়ন্ত বাঘিড়া | ধনঞ্জয় কাদিয়া | অচিন্ত্য মন্ডিয়া |
|---|---|---|
| সভাপতি | ম্যানেজার | সম্পাদক |


দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন, চাউলপট্টি. পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ) পিন ৭৪২২২৫ হইতে সত্বাধিকারী অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।